রস-যশ-চমৎকার।
তার অনুভব, সাত্ত্বিক বিকার,
গোচর ছিল বা কার॥
ব্রজে যে বিলাস, রাস মহারাস,
প্রেম-পরকীয়া-তত্ত্ব।
গোপীর মহিমা, ব্যভিচারি-সীমা,
কার গতি ছিল এত॥
ধন্য কলি ধন্য, নিতাই চৈতন্য,
পরম করুণা করি।
বিধি-অগোচর, যে প্রেম বিকার,
প্রকাশে জগত ভরি॥

উত্তম অধম, কিছু না বাছিল,
যাচিয়ে দিলেক কোল।
কহে প্রেমানন্দ, এমন গৌরাঙ্গ,
অন্তরে ধরিয়া দোল ॥

(২)

এ মন ! তুমি সে অবোধ বড়।
দেখিয়া শুনিয়া, বুঝিতে নারিয়া,
করিতে না পার দঢ় ॥
কে সার অসার, না কর বিচার,
কে তুমি কর কি কাজ।
পরের কারণে, শরীর খোয়ালি,
আপন কাজেতে বাজ ॥
এখন এজন, আপনা ভাবিছ,
সে তোর বুদ্ধির ভুল।
এখন তখন, কখন কি হয়,
বুঝ না আপন মুল ॥
দেখনা জীবন, কেবল পবন,
যাইতে কি তার বাধা।
কিসের কারণে, এতেক আরতি,
খাটিয়া মরিছ গাধা ॥

দিবস রজনী, তিলে না বিরাম,
গণিছ পড়িছ কিবা।
রবির নন্দন, আসিবে যখন,
তারে কি উত্তর দিবা॥
বদন ভরিয়া, হরি হরি বল,
বসিয়া সাধুর সঙ্গ।
কহে প্রেমানন্দ, কি ভয় শমনে,
আপনি দিবে সে ভঙ্গ॥

(৩)

ওরে মন! বৃথা কেন কর্ম্মেরে দোষাও।
মানুষ উত্তম দেহ, ভারতবর্ষেতে সেহ,
ইহার অধিক কিবা চাও॥
বিচারিয়া দেখ তন্ত্র, সর্ব্বশ্রেষ্ঠ কৃষ্ণমন্ত্র,
উপাসনা হইয়াছে তাই।
তাতে কলিযুগ ধন্য, ধ্যান-যজ্ঞাদিক অন্য,
কৃষ্ণ নাম বিনা ধর্ম্ম নাই॥
কৃত-কর্ম্ম কর ভোগ, বিধাতাকে অনুযোগ,
সে কবে অন্যায় কারে করে।
পাপ পুণ্য পূর্ব্বার্জ্জিত, এজন্মে তা পরিচিত,
এবে যা তা এখনি বা পরে॥

ভাবি দেখ কেবা কার, যে কর সে আপনার,
কারো কর্ম্ম কারে নাহি যায়।
সংসার বিষের লাড়ু, কি বুঝে খাইছ ভাড়ু,
দেখ জীর্ণ কৈল সর্ব্বকায়॥
কিসে বা নিশ্চিন্ত আছ, উলটি না দেখ পাছ,
কবে জানি পড়িবে ঢুলিয়া।
যমদূত দণ্ড হাতে, সে দাণ্ডায়ে আছে পথে,
তারে বুঝি রয়েছ ভুলিয়া॥
যদি জীতে সাধ হয়, কৃষ্ণনাম সুধাময়,
সে অমৃত সদা পিয় ভাই।
প্রেমানন্দ কহে তবে, সব বিষ-জ্বালা যাবে,
মৃত্যু জিনি শমন এড়াই॥

(৪)

ওরে মন! কতবা ভাঁড়াবে নিতি।
এমোর ওমোর করি, দিবস যে দেয় পাড়ি,
ঘুমেতে পড়িয়া কাট রাতি॥
আজি কালি করি আর, পক্ষ যে করিছ পার,
এপক্ষ ওপক্ষ করি মাস।
এমাস ওমাস করি, অয়ন ফেলিলে ঠেলি,
অয়নে অয়নে বার মাস॥

এবর্ষ ওবর্ষ করি, কহিছ জনম ভরি,
কবে তোর ঘুচিবে জঞ্জাল ॥
কবে অবসর হবে, কবে হরি নাম লবে,
যবে আসি দাণ্ডাইবে কাল ॥
কফেতে করিবে বল, বাতিক হইবে কাল,
পিত্ত কোথা রহিবে লুকাই।
কণ্ঠ হবে অবরোধ, কোথায় থাকিবে বোধ,
হরিনাম লবে কেরে ভাই ॥
এখন অভ্যাস কর, হরি হরি সদা স্ফুর,
জিহ্বাকে করিয়া লহ বশ।
আপনি নাচিবে তুণ্ড, ঘুচিবে যমের দণ্ড,
নহে কেন শরীর অবশ ॥
প্রেমানন্দ কহে এই, মরিলে না মরে সেই,
কৃষ্ণ কৃষ্ণ সদা যাঁর মুখে।
কোথা তাঁর কর্ম্ম-বন্ধ, প্রেমে মত্ত সদানন্দ,
গতায়াত মাত্র নিজ সুখে ॥

(৫)

ওরে মন! তিল আধ নাহিক চেতন।
রাত্রি দিন এ সংসার, চেষ্টাতে হইলি ভোর,
ভুলি রৈলি মায়ার কারণ ॥

পাইয়া মানুষ-জন্ম, করহ পশুর কর্ম্ম,
বুঝি দেখ আপনার মূল।
সে আহার নিদ্রা করে, স্বগণ সহিত চরে,
তবে কিসে নহ সমতুল॥
ধন জন পূর্ব্বজন্ম, যেমন করিছ কর্ম্ম,
ভাবিলে কি তার বাঢ়া পাও।
দুর্লভ এ নরতনু, শ্রীকৃষ্ণ ভজন বিনু,
কেন মিছে নিষ্ফলে গোঙাও॥
শাস্তিকর্ত্তা দণ্ডধর, আসিয়া তাহার চর,
চর্ম্মপাশে বান্ধিবে যখন।
মারিবে ডাঙ্গশের বাড়ি, কে তোরে লইবে ছাড়ি,
সুখ দুঃখ বুঝিবে তখন॥
শুন মন দুরাচার, কেন কর অনাচার,
তোর কর্ম্ম সকলি অসার।
শ্রীগুরু চরণে দৃষ্টি, দেখ যার আছে নৈষ্ঠি,
সেইমাত্র ধন্য রে দুর্ব্বার॥
কৃষ্ণ যদি মনে করে, ব্রহ্মপদ দিতে পারে,
হেন কৃষ্ণ ছাড় কি কারণে।
দেখ যাঁর শ্রীচরণ, ধ্যান করে পঞ্চানন,
তথাপি প্রত্যয় নাহি মনে॥

ছাড় সব মিছা কাম, মুখে বল হরিনাম,
তবে তোর সম কেবা হয়।
প্রেমানন্দ কহে মন, কর হেন আচরণ,
তবে আর কারে তোর ভয়॥

(৬)

ওরে মন! বিচারিয়া দেখ না হৃদয়।
ধনে জনে কত আর্ত্তি, বাড়ে বই নহে নিবৃত্তি,
হরি পদে হৈলে কিনা হয়॥
যা ভাবিলে হবে নাই, তাই ভেবে কাট আই,
ভাবিলে যে পাও তা না কর।
লক্ষ কোটি যার ধন, সে কি খায় একমণ,
বুঝি কেন ধৈরয না ধর॥
খাওয়া পরা ভাল চাও, তাই কি ভাবিলে পাও,
পূর্ব্ব জন্মার্জ্জিত সেই পাবে।
কার ধন চিরস্থায়ী, না গণ আপন আই,
কত কাল তুমি বা বাঁচিবে॥
অজ ভব ভাবে যাঁরে, কি মদে পাসর তারে,
হরি ভুলি জীয় কোন কাজে।
হরিনাম যাতে নাই, সে বদনে পড়ু ছাই,
সে মুখ সে দেখায় কোন লাজে॥

হরিনাম সুধাময়, তাতে তোর রুচি নয়,
সংসার নরক লাগে মিঠা।
নরতনু কেনে তা'ক, শৃগাল কুক্কুর কাক,
সেই ভাল বৃথা কাচ এটা ॥
দেখিয়া তোমার কাজ, মনে হাসে ধর্ম্মরাজ,
জান না ভাঙ্গিবে এনা ঠাট।
প্রেমানন্দ কহে যদি, কৃষ্ণ কহ নিরবধি,
সংসার তরিবে করি নাট ॥

(৭)

এ মন! বলরে গোবিন্দনাম।
আজি কালি করি, কি আর ভাবিছ,
কবে তোর ঘুচিবে কাম ॥
কালি সে করিবা, তুমি যে বলিছ,
আজি তা কর না ভাই।
আজি যা করিবা, তা কর এখনি,
কি জানি কখন যাই ॥
এ হেন কলিতে, মানুষ জনম,
এমন আর বা কাতে।
হরিনাম দিয়া, জগত তারিলা,
শ্রীকৃষ্ণ চৈতন্য যাতে ॥

সে তিন যুগের, আচার বিচার,
এখন সে সব রাখ।
বদন ভরিয়া, গৌর হরি বল,
যুগের ধরম দেখ ॥
রসনা বদন, বশের ভিতরে,
কেবল বলিলে হয়।
আলিস করিয়া, নরকে যাইবে,
কার বা এ অপচয় ॥
শমন কিঙ্কর, অঙ্গুলি গণিছে,
জাননা কখন পাড়ে।
কহে প্রেমানন্দ, তখন কি হ'বে,
আসিয়া চড়িলে ঘাড়ে ॥

(৮)

ওরে মন! এবে তোর এ কেমন রীত।
যে কর্ম্মে আইলি হেথা, সে সব রহিল কোথা,
এবে যে দেখিয়ে বিপরীত ॥
কৃষ্ণ-কর্ম্ম লাগি কর, তাহে কেন বর্ব্বর,
সে করে পরের বিত্ত হর।
সে অবশ নহে কেনে, কি সুসার বহুদানে,
তাহে আর কর বা না কর ॥

মুখে ক'বে হৃষীকেশ, তাহে যদি সাধুদ্বেষ,
তবে বক্র মুখ কেনে নও।
অগ্নি দিয়া হেন মুখ, পোড়ালে না ঘুচে দুখ,
তাহে কৃষ্ণ কও বা না কও॥
ভ্রমিতে কৃষ্ণের তীর্থ, পদের না এহি কৃত্য,
তাহে যদি পরদারে চল।
কি কাজ পদের এই, পঙ্গু কেন নহে সেই,
তবে তীর্থে গেল বা না গেল॥
কৃষ্ণলীলা গুণ কথা, কর্ণেতে শুনিবে যথা,
তাহে যদি কু-কথায় ভোর।
আর যদি সাধু নিন্দা, শুনিয়া বাড়য়ে শ্রদ্ধা,
সে কাণ বধির হউক তোর॥
গুরু-কৃষ্ণ-বৈষ্ণব মূর্ত্তি, দেখিবে করিয়া আর্ত্তি,
সে যদি দেখয়ে পরদারে।
অসন্তোষ সাধু দেখি, কেন বিধি হেন আঁখি,
আশু অন্ধ না করে তাহারে॥
তুমি কৃষ্ণ স্মৃতি কাজে, জন্মিলা সংসার মাঝে,
তাহা ছাড়ি ধনে জনে আশ।
তবে জীয়ে কিবা কাজ, পড়ুক তোর মুণ্ডে বাজ,
কেনে আর নহে সর্ব্বনাশ॥

প্রেমানন্দ কহে মন, কহ কৃষ্ণ অনুক্ষণ,
কেনে ভুল আপনার প্রভু।
মুখে হরি হরি বল, সদাই আনন্দে দোল,
তিন লোকে দুঃখ নহে কভু ॥

(৯)

এ মন ! তুমি সে কেবল ভূত।
কুসঙ্গ শ্মশানে, সতত বসিছ,
পাইয়া পরম যুত ॥
মল মূত্র যত, অসত পচাল,
এ তোর ভক্ষণ সুখে।
রাম কৃষ্ণ হরি, গোপাল গোবিন্দ,
বলিতে নারিছ মুখে ॥
যে কর তোমার, গোবিন্দ পূজনে,
তীরথ ভ্রমিতে পায়।
সে দুই রাখিলে, চুরিয়ে দারীয়ে,
তবে কি উলটা নয় ॥
যত না করিছ, সাধুর হেলন,
সে তোর অনল মুখে।
দেখ না তাহাতে, আপনি দহিছ,
এমতি গোঙাবি দুঃখে ॥

কৃষ্ণের বসতি, সাধুর হৃদয়ে,
সুখের বিশ্রাম ভূমি।
এমন দুর্দ্দৈব, তাঁহার পরশ,
করিতে নারিছ তুমি ॥
শ্রীহরি চরণ, করহ শরণ,
গয়া গঙ্গা সব তাতে।
কহে প্রেমানন্দ, তবে সে উদ্ধার,
নহিলে বা হবে কাতে ॥

(১০)

ওরে মন ! তুমি বা কেমন মালাকার।
নিরন্তর বৈস যায়, অবধান নাহি তায়,
এ তনু-আরামে কি সুসার ॥
রোপি ভক্তি পুষ্পশ্রেণী, শ্রবণ কীর্ত্তন পাণী,
সিঞ্চিতে আলিস কর তায়।
সংসার বাসনা সূর্য্য, তার কি প্রতাপ শৌর্য্য,
দেখ তরু কি তাপে শুকায় ॥
যতেক ইন্দ্রিয়গণ, সব তোর পরিজন,
নিযুক্ত করহ সব তাতে।
রাত্রি দিনে অবিরাম, কর সবে এই কাম,
সিঞ্চিয়া বাড়াও ভালমতে ॥

সাধু সঙ্গ-ঘেরা করি, স্বজ্ঞান-প্রহরী ধরি,
সাবধানে থাকিয়া তাহায়।
কাম-ক্রোধ-আদি ছাগ, খেদাড়িয়ে দিবে তাক,
জালী শাখা পল্লব চাবায়॥
পুষ্প হবে বিকসিত, দিক হবে সুবাসিত,
সন্তোষে লইয়া পরিজন।
অঞ্জলি অঞ্জলি ভরি, পরমাত্মা-রূপে হরি,
তাঁর পদে কর সমর্পণ॥
প্রেমানন্দ কহে মন, কৃষ্ণ পূজ অনুক্ষণ,
লোভের সূতায় গাঁথ মালা।
কৃষ্ণে দিয়া এ উদ্যান, চাহি লে রে প্রেমধন,
আপনি ঘুচিবে সব জ্বালা॥

(১১)

এ মন! গৌরাঙ্গ বিনে নাহি আর।
হেন অবতার, হবে কি হ'য়েছে,
হেন প্রেম পরচার॥
দুরমতি অতি, পতিত পাষণ্ডী,
প্রাণে না মারিল কারে।
হরিনাম দিয়ে, হৃদয় শোধিল,
যাচি গিয়া ঘরে ঘরে॥

ভব-বিরিঞ্চির, বাঞ্ছিত যে প্রেম,
জগতে ফেলিল ঢালি।
কাঙ্গালে পাইয়ে, খাইল নাচিয়ে,
বাজাইয়া করতালি ॥
হাসিয়ে কাঁদিয়ে, প্রেমে গড়াগড়ি,
পুলকে ব্যাপিল অঙ্গ।
চণ্ডালে ব্রাহ্মণে, করে কোলাকুলি,
কবে বা ছিল এ রঙ্গ ॥
ডাকিয়ে হাঁকিয়ে, খোল-করতালে,
গাহিয়ে ধাইয়ে ফিরে।
দেখিয়া শমন, তরাস পাইয়ে,
কপাট হানিল দ্বারে ॥
এ তিন ভুবন, আনন্দে ভরিল,
উঠিল মঙ্গল সোর।
কহে প্রেমানন্দ, এমন গৌরাঙ্গে,
রতি না জন্মিল তোর ॥

(১২)

ওরে মন! শুন শুন তু অতি বর্ব্বর।
শক্ত-সান্ধি-জর জর, পেয়ে এই কলেবর,
কিবা গর্ব্ব করিছ অন্তর ॥

ত্রয়াত্মিকা ব্যাধি যত, বেড়িয়া আছয়ে কত,
কি জানি কখন কেবা নাশে।
এ আমি আমার বলি, নিজ প্রভু পাসরিলি,
শমন কিঙ্কর দেখি হাসে॥
যে দেহ আপন জ্ঞানে, যত্ন কর রাত্রি দিনে,
বসন ভূষন কত বেশ।
পরমাত্মা ভগবান্, যবে হবে অন্তর্দ্ধান,
ভস্ম কীট কৃমি অবশেষ॥
নিদ্রাতে পড়িলে মন, কোথা ঘর দ্বার ধন,
স্ত্রী পুত্র বান্ধব থাকে কথি।
ইহাতে না লাগে ধন্দ, তবু কার্য্য কর মন্দ,
না চিন্তিলে আপনার গতি॥
নিতি নিতি জীয় মর, ইথে না বিচার কর,
এমতি যাইবে একবার।
কহে দীন প্রেমানন্দ, ভজ কৃষ্ণ-পদদ্বন্দ,
মায়াপাশ ঘুচিবে গলার॥

(১৩)

ওরে মন! দেখি শুনি না বুঝ আপনা।
কেবা তুমি কোথা হৈতে, জন্মিয়াছ জীয় কাতে;
কেবা মারে কাহার ঘটনা॥

গর্ভে ঘোর যন্ত্রনাতে, কে রক্ষা করিল তাতে,
কে ক্ষীর রাখিল মার স্তনে।
অজ্ঞানে এমন জ্ঞান, স্তন ধরি দুগ্ধ পান,
কোথা পেলি এসব সন্ধানে ॥
একা মাত্র এলি এথা, স্ত্রী পুত্র বা ছিল কোথা,
এবে কিসে বলহ আপনা।
'আমি' বল যেই দেহ, হেথায় পড়িবে সেহ,
কেবা আর হইবে আপনা ॥
কার হয়ে কার বল, নিজ প্রভু কেন ভুল,
তিন লোকে বন্ধু মাত্র সেই।
কহে প্রেমানন্দ মন, ভজ কৃষ্ণ শ্রীচরণ,
মায়া-বন্ধ ধাঁধা যাবে এই ॥

(১৪)

ওরে মন! ধিক রে তোমায়।
পাইয়া মনুষ্য জন্ম, না চিন্তিলে কৃষ্ণ কর্ম,
বৃথা জন্ম গেল রে খেলায়।
কতেক সুকৃতি-ফলে, মানুষ-উত্তম কুলে,
তাহাতে ভারতবর্ষে জন্ম।
ধন্য কলি যুগ তাতে, শ্রীকৃষ্ণচৈতন্য যাতে,
প্রকাশিল 'নাম' মাত্র ধর্ম্ম ॥

পায়ে ধরি ছাড় ভ্রম, কিছু নাহি পরিশ্রম,
'কৃষ্ণ, কৃষ্ণ' কহ অবিরাম।
কহ লক্ষ কথা আন, তাহে না আলিস জ্ঞান,
কি ভার কি বোঝা কৃষ্ণ নাম॥
এ যদি না শুন ভাই, তবে আর গতি নাই,
হেন জন্ম না হইবে আর।
কহে প্রেমানন্দ এবে, না ভজ শ্রীকৃষ্ণ তবে,
কোটি কল্পে নাহিক নিস্তার॥

(১৫)

ওরে মন! তোমার চরিত্রে লাগে ধন্দ।
তাই তোরে লাগে ভাল, যাতে নষ্ট পরকাল,
কি জানি কি কর্ম্ম তোর মন্দ॥
কুসঙ্গে অসৎ-কথা, সর্ব্বদা প্রবৃত্তি তথা,
সাধু-সঙ্গ কাঁটা হেন জ্ঞান।
যদি দৈবে কভু হয়, তবে যেন বিন্ধে গায়,
উষি পুষি করিয়া প্রস্থান॥
কৃষ্ণ-লীলা-গুণ-গান, যদি হয় কোন স্থান,
যদি বেড়ে পড় কোন দিনে।
থাকিতে কিঞ্চিৎ কাল, বাস হৈল কি জঞ্জাল,
বিশ্রাম করিলে জীয় প্রাণে॥

প্রহর বা দণ্ড পল, তাহাতে সর্ব্বস্ব তল,
ভাবি এই উঠি যাও চলে।
যদি ব্যাধি ধরে ঘাড়ে, ছমাস বৎসর পাড়ে,
তবে সংসার কে রাখে সে কালে॥
সৃষ্টি করিয়াছে যেই, অবশ্য পালিবে সেই,
নহে কেন সংহার না করে।
দেখ যাঁর আজ্ঞা বলে, মাটিকে ভাসায় জলে,
চন্দ্র সূর্য্য উদয় যাঁর ডরে॥
সেই প্রভু সর্ব্বেশ্বর, ব্রহ্মা আদি আজ্ঞাকর,
হেন কৃষ্ণ ভুল কেন ভাই।
প্রেমানন্দ কহে মন, কৃষ্ণ কহ অনুক্ষণ,
তবে কর্ম্ম-বন্ধন এড়াই॥

(১৬)

ওরে মন! তুমি সে ডুবাও ভবকূপে।
যতেক ইন্দ্রিয়গণ, তোর বশ অনুক্ষণ,
স্বতন্ত্র না হয় কোন রূপে॥
যে দেখাহ দেখে নেত্রে, কাণে শুনে তোমা সাথে,
যেখানে চালাও চলে গা।
যে কথা যে রসে রত, জিহ্বা হয় তার মত,
তো বিনু নড়িতে নারে পা॥

সেই কর পরিশ্রম, কেন না ঘুচাও ভ্রম,
ভাল মন্দ না চাহ ফিরিয়ে।
কিবা নিত্য কি অনিত্য, ভাবিয়া না বুঝ চিত্ত,
বিষ খাও অমৃত ত্যজিয়ে॥
সাক্ষাতে না দেখ কত, মরি যায় শত শত,
ধন জন ফেলায়ে হেথাই।
জন্ম ভরি যত ক্লেশ, সব অকারণ শেষ,
সঙ্গের সম্বল কোথা ভাই॥
কৃষ্ণ নাম চিন্তামণি, হও সেই ধনের ধনী,
ভরি লহ বদন-কুঠরী।
খাও বিলাও নাহি ক্ষয়, যম জিন যাক্ ভয়,
ডঙ্কা পড়ুক ত্রিভুবন ভরি॥
সাধু-সঙ্গে লওয়া দেওয়া, লাভে মূলে যাবে পাওয়া,
ঠগ সঙ্গে না করিহ মেলা।
যদি কর ফল পাবে, লাভে মূলে হারাইবে,
প্রেমানন্দ কহে তবে গেলা॥

(১৭)

এ মন! তোমারে বলিব কি।
সংসার-বাসনা, শ্রম যে কেবল,
ছাইতে ঢালিছ ঘি॥

দিবস রজনী, লিখিছ পড়িছ,
ভাবিছ গণিছ তাই।
খাইতে শুইতে, উঠিতে বসিতে,
তিলেক বিরাম নাই॥
চল্লিশ পঞ্চাশ, ষাটি বা সত্তর,
নহে বা শতেক ওর।
ইহার ভিতরে, কখন কি হয়,
তা·না কি নিয়ম তোর॥
এখানে যেমন, সুখটী চাহিছ,
দুঃখটী ভাবিছ ভয়।
মরিলে এ সুখ, কোথায় পাইবে,
তা না কি ভাবিতে হয়॥
এ আয়ু শতেক, জানিবে কতেক,
গরব করিছ কত।
হরি না বলিলে, শমন নরকে,
মজাবে কলপ শত॥
চরণে ধরিয়ে, মিনতি করিয়ে,
হরি হরি বল ভাই।
কহে প্রেমানন্দ, নামের প্রসাদে,
এ ভব তরিয়ে যাই॥

(১৮)

ওরে মন! একি তোর অসতাই জ্ঞান।
আমি বড় বুঝি জানি, ধনীন কুলীন মানী,
আপনা আপনি অভিমান॥
পর-ছিদ্রে কর রোষ, না লও আপন দোষ,
অহঙ্কারে সাধুত্ব জানাই।
ডুব দিয়া খাও জল, চিত্রগুপ্ত বলে ভাল,
ইহাতে না রবে চতুরাই॥
ধন জন ঠাকুরাল, এ না রবে কত কাল,
শতেক বৎসর মাত্র আই।
সেহ নহে নিরূপণে, কোন্ দণ্ডে কোন্ ক্ষণে,
হাসিতে খেলিতে কবে যাই॥
রাজা কিবা কোতোয়াল, সবাকে লইবে কাল,
ভুঞ্জাইবে যার যেই কর্ম্ম।
শমন তরিতে চাহ, মুখে 'কৃষ্ণ কৃষ্ণ' কহ,
কেন বৃথা গোঙাও এই জন্ম॥
হীন হৈয়া আপনাকে, 'কৃষ্ণ কৃষ্ণ' কহ মুখে,
অসৎ-সঙ্গে না চলিহ আর।
প্রেমানন্দ কহে মতি, যদি কর পাপে রতি,
সুন্দর পাইবে প্রতিকার॥

(১৯)

এ মন! তুমি সে মূরখ বড়।

ধন জন পাঞা, আমোদে রয়েছ,
এই ভাবিয়াছ দৃঢ়॥
কত ধনী জন, তোমার সাক্ষাতে,
ছাড়িয়া মরিয়া গেল।
কেহ না তাদের, যে ছিল তারা কি,
কিছু বা সঙ্গেতে দিল॥
পরে কি করিবে, ভাবনা মনেতে,
কিসে বা হইব পার।
শমন-ভবনে, বান্ধিয়া লইলে,
ফিরান সে বড় ভার॥
ভকতি-মুকতি, কেমনে বুঝিবে,
পিরীতি-বচনে ডাক।
বিচার করিয়া, বুঝিয়া দেখিলে,
আছয়ে বিস্তার পাক॥
যে কর সে কর, আপন করম,
তাহাই তুমি সে পাবে।
বৃথাই করিছ, পরের ভরসা,
কা'হতে কিছু না হবে॥

বদন ভরিয়া হরি হরি বল,
এ বেদ পুরাণ সার।
কহে প্রেমানন্দ, এ বড় আনন্দ,
যমকে ডর কি আর॥

(২০)

এ মন! কি লাগি আইলি ভবে।
এমন জনমে, হরি না ভজিলি,
কেমন মানুষ তবে॥
মানুষ আকার, হইলে কি হয়,
করহ ভূতের কাম।
নহিলে বদনে, কেন না বলহ,
শ্রীকৃষ্ণ-গোবিন্দ নাম॥
পাখীরে যে নাম, লওয়াইলে লয়,
শারী-শুক আদি কত।
তুমি যে ইহাতে, আলস্য করহ,
এ হয় কেমন মত॥
দিবস রজনী, আবোল তাবোল,
পচাল পাড়িতে পার।
তাহার ভিতরে, কখন কেন কি,
গোবিন্দ বলিতে নার॥

ভজিব বলিয়ে, কহিয়া আইলি,
ভুলিলি কি সুখ পেয়ে।
ডুবিলি আবার, সংসার-কূপেতে,
মজিবি নরকে গিয়ে॥
বদন ভরিয়া, হরি বল যদি,
ক্ষতি না হইবে তায়।
কহে প্রেমানন্দ, তবে যে নিতান্ত,
এড়াবে কৃতান্ত দায়॥

(২১)

এ মন! এবে সে জানিনু তোমা।
রিপুর সহিতে, মিশিয়া ঘুষিয়া,
বিপাকে ঠেকালি আমা॥
কে তোর আপন, পর কে তোমার,
বিচার করিতে নার।
আপন ইচ্ছায়, নরকে যাইতে,
আপনে সে পথ কর॥
ছু'কর ঘুড়িয়া, কামের নফর,
ক্রোধকে ধরেছ বুকে।
লোভের পিছুতে, সদাই ঘুরিছ,
মোহেতে মাতিছ সুখে॥

কে সৎ অসৎ, কিছু না জানিলি,
মদের সহিত দোল।
আপনা আপনি, কত না গরিমা,
দম্ভকে ধরিয়া কোল ॥
এ ধন এ জন, আপনা জানিছ,
ভাবিছ এমতি যাবে।
জাননা শমন, চর পাঠাইয়া,
বান্ধিয়া লয় বা কবে ॥
বদন ভরিয়া, হরি হরি বল,
কি সুখে রহেছ ভুলি।
কহে প্রেমানন্দ, শমন তরিবে,
হাতে বাজাইয়া তালি ॥

(২২)

ওরে মন ! স্বর্গ বা নরক বুঝ কোথা।
যে যেমন কর্ম্ম করে, তেমনি ভুঞ্জায় তারে,
ভাবিয়া দেখিলে সব হেথা ॥
কেহ ঘোড়ায় দোলায় ফেরে, কেহ স্কন্ধে বহে কারে,
ছত্র ধরি কেহ চলে পথে।
কেহ কর্ম্ম-অনুসারে, জন্ম ভরি কারাগারে,
কারো বিষ্ঠা কেহ বহে মাথে ॥

শত সহস্রাযুত লক্ষ, কেহ পালে দিয়া ভক্ষ্য,
উদর ভরিতে কেহ নারে।
এখানে দেখিছ যেবা, পরে যা তা জানে কেবা,
বিধাতার মনে সে বিচারে॥
দেবতা গন্ধর্ব্ব যক্ষ, প্রেত পিশাচ দৈত্য রক্ষ,
স্বভাবে সকল পরচার।
যাহার যেমন মত, সেই কর্ম্মে অনুরত,
সেই মত ভক্ষ্য সে আচার॥
কৃষ্ণ-পারিষদ ভক্ত, কৃষ্ণ কর্ম্মে সদা রত,
কভু লিপ্ত নহে এসংসারে।
সে রহে মায়ার পার, তাতে কার অধিকার,
নিত্য-সঙ্গ নিত্য-পরিবারে॥
কৃষ্ণ লীলা-গুণ-নাম, রাত্রি দিনে অবিরাম,
শ্রবণ কীর্ত্তন সদানন্দ।
প্রেমানন্দ কহে মতি, হ'য়ে তার অনুগতি,
কৃষ্ণ কহি ছিড় কর্ম্ম বন্ধ॥

(২৩)

ওরে মন! হরি হরি বল ভাই।
বিচার করিয়া, বুঝিয়া দেখ না,
নামের সমান নাই॥

সাগর লঙ্ঘিয়া, ফিরে হনুমান্,
লইয়া রামের নাম।
সেই সে সাগর, আপনি তরিলা,
পাথরে বান্ধিয়া রাম॥
দ্বারকা ভবনে, নারদ গোসাঞি,
সাধিলা আপন কাজে।
হরি নাম তুলি, দেখালে মহিমা,
এ তিন লোকের মাঝে॥
গঙ্গাস্নান করে, যে করে সে তরে,
না করে না তরে পুন।
আর এক তাঁর, নামের মহিমা,
বিশ্বাস করিয়া শুন॥
শতেক যোজন, বসিয়া যে জন,
'গঙ্গা গঙ্গা' ইতি বলে।
সবাকার পাপ, হইয়া মোচন,
বিষ্ণুর লোকেতে চলে॥
মরণ-কালেতে, কোন্ খানে কেবা,
গঙ্গায় পরশি রাখে।
তারণ-কারণ, নাম বিনে আর,
কে কার শ্রবণে ডাকে॥

সকল কালেই, নামের প্রকট,
কখনো বিরাম নয়।
নামের সহিতে, রূপ, গুণ, লীলা,
ভাবিয়া দেখিলে হয়॥
'কৃষ্ণ দু' আঁখর' যাহার জিহ্বায়,
ভুবন জিনিল সে।
কহে প্রেমানন্দ, কি মোর দুর্দ্দৈব,
ভুলিয়া রহিনু যে॥

(২৪)

এ মন! তুমি কি ভাঁড়ামি কর।
সেবক হয়েছি, আশ্রয় করেছি,
কিসে এ গরব ধর॥
'সেবক' বলিয়া, এ তিন আঁখর,
তিনের তিনটী কাম।
তা যদি না কর, কি মত আচর,
তে কিসে সেবক নাম॥
'সে' আঁখর কয়, কর গুরু সেবা,
স্বীকার' গুরুর বাক্।
বৈষ্ণব-সঙ্গেতে, বাসুদেব ভজ,
ফুকারি কহিছে 'ব'।

তাহা না শুনিলি, অসতে মজিলি,
'ব' ছাড়ি রহিল 'ক' ॥
'ক' বলে কহনা, কৃষ্ণের চরিত,
শ্রবণ কীর্ত্তন ধ্যান।
তা কৈলি কখন, সংসারে মগন,
'ক' গেল করিয়া মান ॥
একে একে দেখ, তিনেই ছাড়িল,
বসতি হইল খালি।
কহে প্রেমানন্দ, তে যম-কিঙ্কর,
হাতে বাজাইছে তালি ॥

(২৫)

এ মন ! কি করে বরণ কুল।
যেই কুলে কেন, জনম হউক না,
কেবল ভকতি মূল ॥
কপি-কুলে ধন্য, বীর হনুমান্,
শ্রীরাম-ভকতরাজ।
রাক্ষস হইয়া বিভীষণ বৈসে,
ঈশ্বর-সভার মাঝ ॥
দৈত্যের ঔরসে, প্রহ্লাদ জনমি,
ভুবনে রাখিল যশ।

স্ফটিক স্তম্ভেতে, প্রকট নৃহরি,
হইয়া যাঁহার বশ ॥
চণ্ডাল হইয়া, মিতালি করিল,
গুহক চণ্ডাল বরে।
বলনা কি কুল, বিদুরের ছিল,
খাইল যাহার ঘরে ॥
দেখনা কেমন, সাধন করিল,
গোকুলে গোপের নারী।
জাতি কুলাচারে, তবে কি করিল,
সে হরি যে ভজে তারি ॥
শ্রীকৃষ্ণ-ভজনে, সবে অধিকারী,
কুলের গরব নাই।
কহে প্রেমানন্দ, যে করে গরব,
নিতান্ত মূরখ ভাই ॥

(২৬)

ওরে মন! কেনে ভুল সংশয় ভাবিতে।
শ্রীনন্দনন্দন হরি, গেলা কিনা মধুপুরী,
সন্দেহ নারিছ ঘুচাইতে ॥
যদি বল নন্দাত্মজ, সে কেন ছাড়িবে ব্রজ,
কখনো না যায় অন্য স্থানে।

যে হৈতে অক্রুর আইল, কৃষ্ণ চন্দ্র লৈয়া গেল,
কে আর রহিল বৃন্দাবনে ॥
রাধিকার প্রাণ নাথ, সর্ব্বদা গোপীর সাথ,
যদি বল বিহরে ব্রজেতে।
তবে কেন গোপীগণ, বিরহে বিহ্বল মন,
দূতী পাঠাইলা মথুরাতে ॥
কৃষ্ণ যে উদ্ধব দ্বারে, প্রবোধিলা গোপিকারে,
মহিষীর কোলে সদা কাঁপে।
রাধিকা স্মরণ করি, নেত্র অশ্রু জলে ভরি,
ক্ষণে মূর্চ্ছা বিরহ- সন্তাপে ॥
কুরুক্ষেত্রে দুই জনে, যাঁর যে আছিল মনে,
সব দুঃখ নিবারণ কৈল।
জানিয়া রাধার মর্ম্ম, বুঝাইলা নিজ ধর্ম্ম,
কৃষ্ণ প্রাপ্তি প্রতীত হইল ॥
কালিন্দী কর্ণিকা শ্যাম, অভেদ একই ধাম,
কেনে ইথে ভিন্ন ভেদ কর।
যাঁহা কৃষ্ণ তাঁহা ব্রজ, সদা এই ভাবে ভজ,
যদি ভাই মোর বোল ধর ॥
তিন-বাঞ্ছা-অভিলাষী, এবে নবদ্বীপে আসি,
রাধা-ভাব-কান্তি অঙ্গীকরি।

আপনে করি আস্বাদন, শিক্ষাইল ভক্তগণ,
বিস্তার করিল জগভরি ॥
নবদ্বীপে বৃন্দাবনে, এক কহ তবে কেনে,
ছাড়া কি সে মথুরা নগর।
প্রেমানন্দ কহে মন, রাধা, কৃষ্ণ, বৃন্দাবন,
এক ঠাঁই শ্রীগৌরসুন্দর ॥

(২৭)

ভাইরে! ভজ গোরাচাঁদের চরণ।
এ তিন ভুবনে আর, দয়ার ঠাকুর নাই,
গোরা বড় পতিত পাবন ॥
হেন অবতারে যার, নহিল ভকতি লেশ,
বল তার কি হবে উপায়।
রবির কিরণে যার, আঁখি পরসন্ন নৈল,
বিধাতা বঞ্চিত ভেল তায় ॥
হেম-জলদ-কায়, প্রেমধারা বরিষয়,
করুণাময় অবতার।
গোরা হেন প্রভু পেয়ে, যে জন শীতল নৈল,
কি জানি কেমন মন তার ॥

কলি-ভবসাগরে, নিজ নাম ভেলা করি,
আপনে গৌরাঙ্গ করে পার।
তবে যে ডুবিয়া মরে, কে তারে উদ্ধার করে,
এ প্রেমানন্দের পরিহার ॥

ইতি—শ্রীপ্রেমানন্দদাস-বিরচিতা
শ্রীশ্রীমনঃশিক্ষা সমাপ্ত।

শ্রীশ্রীগুরুদেবাষ্টকম্।

শ্রীশ্রীগুরবে নমঃ।

সংসারদাবানল-লীঢ়-লোক-
ত্রাণায় কারুণ্য-ঘনাঘনত্বম্।
প্রাপ্তস্য কল্যাণ-গুণার্ণবস্য
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্ ॥ ১ ॥
মহাপ্রভোঃ কীর্ত্তন-নৃত্য-গীত-
বাদিত্র-মাদ্যন্মনসো রসেন।
রোমাঞ্চ-কম্পাশ্রু-তরঙ্গ-ভাজো
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্ ॥ ২ ॥
শ্রীবিগ্রহারাধন-নিত্য-নানা-
শৃঙ্গার-তন্মন্দির-মার্জ্জনাদৌ।

যুক্তস্য ভক্তাংশ্চ নিযুঞ্জতোঽপি
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্ ॥ ৩ ॥
চতুর্ব্বিধ-শ্রীভগবৎ-প্রসাদ-
স্বাদ্বন্ন-তৃপ্তান্ হরিভক্ত-সঙ্ঘান্।
কৃত্যৈব তৃপ্তিং ভজতঃ সদৈব
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্ ॥ ৪ ॥
শ্রীরাধিকা-মাধবয়োরপার-
মাধুর্য্য-লীলা-গুণ-রূপ-নাম্নাম্।
প্রতিক্ষণ-স্বাদন-লোলুপস্য
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্ ॥ ৫ ॥
নিকুঞ্জ-যূনো রতি-কেলি-সিদ্ধ্যৈ
যা যালিভির্যুক্তিরপেক্ষণীয়া।
তত্রাতি-দাক্ষ্যাদতি-বল্লভস্য
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্ ॥ ৬ ॥
সাক্ষাদ্ধরিত্বেন সমস্ত-শাস্ত্রৈ-
রুক্ত-স্তথা ভাব্যত এব সদ্ভিঃ।
কিন্তু প্রভোর্যঃ প্রিয় এব তস্য
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্ ॥ ৭ ॥
যস্য প্রসাদাদ্ ভগবৎপ্রসাদো
যস্যাপ্রসাদান্ন গতিঃ কুতোঽপি।

ধ্যায়ং স্তুবংস্তস্য যশস্ত্রিসন্ধ্যং
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্॥ ৮॥
শ্রীমদ্গুরোরষ্টকমেতদুচ্চৈ-
র্ব্রাহ্মে মুহূর্ত্তে পঠতি প্রযত্নাৎ।
যস্তেন বৃন্দাবন-নাথ-সাক্ষাৎ-
সেবৈব লভ্যা জনুষোঽন্ত এব॥ ৯॥

ইতি শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্ত্তি-ঠক্কুর-বিরচিতং
শ্রীশ্রীগুরুদেবাষ্টকং সম্পূর্ণম্।

শ্রীশ্রীশচীতনয়াষ্টকং।

শ্রীশ্রীশচীতনয়ায় নমঃ।

উজ্জ্বল-বরণ-গৌরবর-দেহং
বিলসিত-নিরবধি-ভাববিদেহং।
ত্রিভুবন-পাবন-কৃপায়ালেশং
তং প্রণমামি চ শ্রীশচীতনয়ম্॥ ১॥
গদগদ-অন্তর-ভাববিকারং
দুর্জ্জন-তর্জ্জন-নাদ-বিশালং।
ভবভয়-ভঞ্জন-কারণ-করুণং
তং প্রণমামি চ শ্রীশচীতনয়ম্॥ ২॥
অরুণাম্বরধর-চারু কপোলং
ইন্দু বিনিন্দিত-নখচয়-রুচিরং।

জল্পিত-নিজগুণ-নাম-বিনোদং
তং প্রণমামি চ শ্রীশচীতনয়ম্ ॥ ৩ ॥
বিগলিত-নয়ন-কমল-জলধারং
ভূষণ-নবরস-ভাব-বিকারং।
গতি-অতিমন্থর-নৃত্যবিলাসং
তং প্রণমামি চ শ্রীশচী-তনয়ম্ ॥ ৪ ॥
চঞ্চল-চারু-চরণ-গতি-রুচিরং
মঞ্জীর-রঞ্জিত-পদযুগ-মধুরং।
চন্দ্র-বিনিন্দিত-শীতল-বদনং
তং প্রণমামি চ শ্রীশচী-তনয়ম্ ॥ ৫ ॥
ধৃত-কটি-ডোর-কমণ্ডলু-দণ্ডং
দিব্য-কলেবর-মুণ্ডিত-মুণ্ডং।
দুর্জ্জন-কল্মষ-খণ্ডন-দণ্ডং
তং প্রণমামি চ শ্রীশচীতনয়ম্ ॥ ৬ ॥
ভূষণ-ভূরজ-অলকা-বলিতং
কম্পিত-বিম্বাধরবর-রুচিরং।
মলয়জ-বিরচিত-উজ্জ্বল-তিলকং
তং প্রণমামি চ শ্রীশচীতনয়ম্ ॥ ৭ ॥
নিন্দিত-অরুণ-কমল-দল-লোচনং
আজানুলম্বিত-শ্রীভুজ-যুগলং।

কলেবর-কৈশোর-নর্ত্তক-বেশং
তং প্রণমামি চ শ্রীশচীতনয়ম্॥ ৮॥

ইতি—শ্রীলসার্ব্বভৌম ভট্টাচার্য্য-বিরচিতং
শ্রীশ্রীশচীতনয়াষ্টকং সম্পূর্ণম্।

শ্রীশ্রীচৈতন্যাষ্টকম্।

শ্রীশ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ।

সদোপাস্যঃ শ্রীমান্ ধৃত-মনুজকায়ৈঃ প্রণয়িতাং
বহদ্ভির্গীর্ব্বাণৈর্গিরিশ-পরমেষ্ঠি-প্রভৃতিভিঃ।
স্বভক্তেভ্যঃশুদ্ধাংনিজভজনমুদ্রামুপদিশন্
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্॥ ১॥

সুরেশানাং দুর্গং গতিরতিশয়েনোপনিষদাং
মুনীনাং সর্ব্বস্বং প্রণতপটলীনাং মধুরিমা।
বিনির্য্যাসঃ প্রেম্নো নিখিলপশুপালাম্বুজ-দৃশাং
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্॥ ২॥

স্বরূপং বিভ্রাণো জগদতুলমদ্বৈত-দয়িতঃ
প্রপন্নশ্রীবাসো জনিত-পরমানন্দ-গরিমা।
হরির্দীনোদ্ধারী গজপতি-কৃপোৎসেক-তরলঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্॥ ৩॥

রসোদ্দামা কামার্ব্বুদ-মধুরধামোজ্জ্বলতনু-
র্যতীনামুত্তংসস্তরণি-কর-বিদ্যোতি-বসনঃ।

হিরণ্যানাং লক্ষ্মীভরমভিভবন্নাঙ্গিক-রুচা
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্॥ ৪॥
হরেকৃষ্ণেত্যুচ্চৈঃ স্ফুরিতরসনো নামগণনা-
কৃতগ্রন্থিশ্রেণী-সুভগকটিসূত্রোজ্জ্বলকরঃ।
বিশালাক্ষো দীর্ঘার্গলযুগল-খেলাঞ্চিত-ভুজঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্॥ ৫॥
পয়োরাশেস্তীরে স্ফুরদুপবনালী-কলনয়া
মুহুর্বৃন্দারণ্যস্মরণজনিত-প্রেমবিবশঃ।
ক্বচিৎ কৃষ্ণাবৃত্তি-প্রচলরসনো ভক্তি-রসিকঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্॥ ৬॥
রথারূঢ়স্যারাদধিপদবি নীলাচলপতে-
রদভ্রপ্রেমোর্ম্মি স্ফুরিতনটনোল্লাস-বিবশঃ।
সহর্ষং গায়দ্ভিঃ পরিবৃততনুর্বৈষ্ণবজনৈঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্॥ ৭॥
ভুবং সিঞ্চন্নশ্রু-শ্রুতিভিরভিতঃ সান্দ্রপুলকৈঃ
পরীতাঙ্গো নীপ-স্তবক-নবকিঞ্জল্কজয়িভিঃ।
ঘনস্বেদ-স্তোম-স্তিমিততনুরুৎকীর্ত্তনসুখী
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্॥ ৮॥
অধীতে গৌরাঙ্গ-স্মরণ-পদবী-মঙ্গলতরং
কৃতী যো বিশ্রম্ভ-স্ফুরদমলধীরষ্টকমিদম্।

পরানন্দে সত্যস্তদমলপদাম্ভোজ-যুগলে
পরিস্ফারা তস্য স্ফুরতু নিতরাং প্রেমলহরী ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং
শ্রীশ্রীচৈতন্যাষ্টকং সম্পূর্ণম্।

শ্রীশ্রীগৌরাঙ্গস্তব-কল্পতরুঃ।

গতিং দৃষ্ট্বা যস্য প্রমদ-গজবর্য্যেঽখিলজনা
মুখঞ্চ শ্রীচন্দ্রোপরি দধতি থুৎকার-নিবহং।
স্বকান্ত্যা যঃ স্বর্ণাচলমধরয়চ্ছীধু চ বচ-
স্তরঙ্গৈ র্গৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥ ১ ॥
অলঙ্কৃত্যাত্মানং নব-বিবিধ-রত্নৈরিব বলদ্
বিবর্ণত্ব-স্তম্ভাস্ফুট-বচন-কম্পাশ্রু-পুলকৈঃ।
হসন্ স্বিদ্যন্ নৃত্যন্ শিতিগিরিপতের্নির্ভরমুদে
পুরঃ শ্রীগৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥ ২ ॥
রসোল্লাসৈস্তির্য্যগ্‌গতিভিরভিতো বারিভিরলং
দৃশোঃ সিঞ্চল্লোকানরুণ-জলযন্ত্রত্বমিতয়োঃ।
মুদা দন্তৈর্দষ্ট্বা মধুরমধরং কম্প-চলিতৈ-
র্নটন্ শ্রীগৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥ ৩ ॥
ক্বচিন্মিশ্রাবাসে ব্রজপতি-সুতস্যোরুবিরহাৎ
শ্লথচ্ছ্রীসন্ধিত্বাদ্দধদধিক-দৈর্ঘ্যং ভুজপদোঃ।

লুঠন্ ভূমৌ কাক্কা বিকল-বিকলং গদ্গদবচা
রুদন্ শ্রীগৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥ ৪ ॥
অনুদ্ঘাট্য দ্বারত্রয়মুরু চ ভিত্তিত্রয়মহো
বিলঙ্ঘ্যোচ্চৈঃ কালিঙ্গিক-সুরভি-মধ্যে নিপতিতঃ।
তনূদ্যৎ-সঙ্কোচাৎ কমঠইব কৃষ্ণোরু-বিরহাদ্
বিরাজন্ গৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥৫॥
স্বকীয়স্য প্রাণার্ব্বুদ-সদৃশ-গোষ্ঠস্য বিরহাৎ
প্রলাপানুন্মাদাৎ সততমতিকুর্ব্বন বিকলধীঃ।
দধদ্ভিত্তৌ শশ্বদ্বদন-বিধু-ঘর্ষেণ রুধিরং
ক্ষতোত্থং গৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥৬॥
ক্ক মে কান্তঃ কৃষ্ণস্তরিতমিহ তং লোকয় সখে!
ত্বমেবেতি দ্বারাধিপমভিদধন্নুন্মদ ইব।
দ্রুতং গচ্ছ দ্রষ্টুং প্রিয়মিতি তদুক্তেন ধৃত-তদ্
ভুজান্তো গৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥৭॥
সমীপে নীলাদ্রেশ্চটকগিরিরাজস্য কলনা-
দয়ে গোষ্ঠে গোবর্দ্ধনগিরিপতিং লোকিতুমিতঃ।
ব্রজন্নস্মীত্যুক্ত্বা প্রমদ ইব ধাবন্নবধৃতো
গণৈঃ স্বৈর্গৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥৮॥
অলং দোলা-খেলা-মহসি বর-তন্মণ্ডপ-তলে
স্বরূপেণ স্বেনাপর-নিজগণেনাপি মিলিতঃ।

স্বয়ং কুর্ব্বন্নাম্নামতি-মধুরগানং মুরভিদঃ
সরঙ্গো গৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥৯॥

দয়াং যো গোবিন্দে গরুড়ইব লক্ষ্মীপতিরলং
পুরীদেবে ভক্তিং য ইব গুরুবর্য্যে যদুবরঃ।
স্বরূপে যঃ স্নেহং গিরিধর ইব শ্রীল-সুবলে
বিধত্তে গৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥১০॥

মহা-সম্পদ্দাবাদপি পতিতমুদ্ধৃত্য কৃপয়া
স্বরূপে যঃ স্বীয়ে কুজনমপি মাং ন্যস্য মুদিতঃ।
উরোগুঞ্জাহারং প্রিয়মপি চ গোবর্দ্ধনশিলাং
দদৌ মে গৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥১১॥

ইতি শ্রীগৌরাঙ্গোদ্গত-বিবিধ-সদ্ভাব-কুসুম-
প্রভা-ভ্রাজৎ-পদ্যাবলি-ললিত-শাখং সুরতরুং।
মুহুর্যোঽতিশ্রদ্ধৌষধিবর-বলৎপাঠসলিলৈ-
রলং সিঞ্চেদ্ বিন্দেৎ সরসগুরু-তল্লোকন-ফলম্ ॥১২॥

ইতি শ্রীমদ্রঘুনাথদাসগোস্বামি-বিরচিতঃ
শ্রীশ্রীগৌরাঙ্গস্তব-কল্পতরুঃ সমাপ্তঃ।

শ্রীশ্রীগৌরাঙ্গস্তব-কল্পতরুর অনুবাদ।

সকল জনের মন, করিবারে আকর্ষণ,
বিধাতা কি পাতিয়াছে ফাঁদ।
একবার যেই হেরে, সে আঁখি ফিরাতে নারে,
মন-উন্মাদন গোরাচাঁদ ॥

হেরিয়ে গৌরাঙ্গ-গতি, থুৎকৃত গজেন্দ্র-গতি,
গজ সে সামান্য মদে মাতা।
গৌরাঙ্গ-বদন হেরে, সকলঙ্ক-চন্দ্রোপরে,
ঘৃণা করে সকল জনতা॥
গৌর-কান্তি ঝলমল, তার আগে স্বর্ণাচল,
অচল সে তারে কি গণিব।
গৌরাঙ্গ-মধুরবাণী, অমৃত-তরঙ্গ জিনি,
পিলে মন করে পিব পিব॥
আরে মোর সোণার গৌরাঙ্গ প্রভু।
হৃদয়ে উদয় হৈয়া, মাতায় আমার হিয়া,
ভুলিতে নারিব আর কভু॥১॥
ওহে মোর গৌরসুন্দর নটরাজ।
শ্রীল জগন্নাথ আগে, বাড়াইয়া অনুরাগে,
নাচে পরি'ভাব-রত্ন-সাজ॥
বৈবর্ণ্য, স্তব্ধতা আর, গদগদ বাক্যোচ্চার,
কম্প, অশ্রু, পুলক, সঘর্ম্ম।
এই সপ্ত সাত্ত্বিকভাব, আর দুই অনুভাব,
হাস্য, নৃত্য, সব প্রেমধর্ম্ম॥
নবরত্ন অলঙ্কার, অঙ্গে শোভে চমৎকার,
হেরি জগন্নাথ প্রমোদিত।

সে রস যে নিরখিল, সেই সে রসে মাতিল,
মোর মন করে উন্মাদিত ॥
আরে মোর সোণার গৌরাঙ্গ প্রভু।
হৃদয়ে উদয় হৈয়া, মাতায় আমার হিয়া,
ভুলিতে নারিব আর কভু ॥২॥
রসের অবধি মোর গোরা।
রসের উল্লাস-ভরে, অপরূপ নৃত্য করে,
দুনয়নে বহে প্রেমধারা ॥
অপরূপ সে মাধুরী, স্মরণ করিয়া হরি,
বারি বহে রাঙ্গা দুই নেত্রে।
বসন্ত-উৎসব কালে, সেচন করয়ে জলে,
যেন পিচকারী জলযন্ত্রে ॥
সকম্প আনন্দাবেশে, দশনে অধর দংশে,
হেন প্রেম আছিল কোথায়।
একবার যারে হেরে, তার আঁখি মন হরে,
মোর মন সতত মাতায় ॥
আরে মোর সোণার গৌরাঙ্গ প্রভু।
হৃদয়ে উদয় হৈয়া, মাতায় আমার হিয়া,
ভুলিতে নারিব আর কভু ॥৩॥

একদিন কাশীমিশ্রালয়ে।
বসিয়াছেন মহাপ্রভু, না দেখি না শুনি কভু,
হেন ভাব উদয় হৃদয়ে ॥
শ্রীনন্দনন্দন হরি,- বিরহ-আবেশ ভরি,
অঙ্গ সন্ধি সব শ্লথ হৈল।
ভুজপদ দীর্ঘাকার, গদ্‌গদ বচনোচ্চার,
ভূমে লুঠে কান্দে সবৈকল্য ॥
আরে মোর সোণার গৌরাঙ্গ প্রভু।
হৃদয়ে উদয় হৈয়া, মাতায় আমার হিয়া,
ভুলিতে নারিব আর কভু ॥৪॥
শয়ন-মন্দিরে গোরা রায়।
কৃষ্ণের বিরহভরে, মন্দিরে রহিতে নারে,
বাহিরে যাইতে মন ধায় ॥
কৃষ্ণের বিরহে রাধা, যেন উৎকণ্ঠিতা সদা,
কৃষ্ণবেণু শুনি বনে যান।
এই মত আচম্বিতে, বংশী পাইয়া শুনিতে,
সে হেতু বাহিরে যেতে চান ॥
তিন দ্বার আছে রুদ্ধ, তিন ভিত্তি উচ্চঊর্দ্ধ,
তাহা লঙ্ঘে আবেশের বলে।
তেলেঙ্গা গাইএর মাঝে, দেখি গোরা রসরাজে,
পড়িয়াছে শ্বাস নাহি চলে ॥

ভাব বুঝা নাহি যায়, প্রভু দেখি কূর্ম্ম প্রায়,
অঙ্গ সব সঙ্কুচিত অঙ্গে।
অন্বেষিয়া ভক্তগণ, দীপ জ্বালি দরশন,
করে কূর্ম্মাকৃতি শ্রীগৌরাঙ্গে॥
আরে মোর সোণার গৌরাঙ্গ প্রভু।
হৃদয়ে উদয় হৈয়া, মাতায় আমার হিয়া,
ভুলিতে নারিব আর কভু ॥৫॥
একদিন সে আপন, প্রাণার্ব্বুদ সমান,
ব্রজ লাগি বিরহে বিভোর।
করেন প্রলাপ অতি, তাপ-বিকল মতি,
অবিরত উন্মাদে উজোর॥
বাহিরে যাইতে মন, যাইতে না পেয়ে পুন,
ভিতে ঘর্ষে বদন সরোজ।
অপরূপ প্রেমরাশি, গৌর রসস্থবিলাসী,
হেরি মোহে কোটি মনোজ॥
হেন গৌর রসরাজ, স্বানুভবে নটরাজ,
উদয় মোর হৃদয় মাঝার।
জানিনা সেহ কেমন, কেমন করয়ে মন,
উন্মাদে যে হয় সে বিভোর॥

আরে মোর সোণার গৌরাঙ্গ প্রভু।
হৃদয়ে উদয় হৈয়া, মাতায় আমার হিয়া,
ভুলিতে নারিব আর কভু ॥৬॥
একদিন গোকুলচাঁদে, দরশন মন সাধে,
ঠাকুর মন্দিরে চলি যায়।
দ্বারে আছে দৌবারিক, তারে দেখি সমধিক,
ভাবোন্মাদে মত্ত গোরারায় ॥
তারে কহে ওহে শুন, তুমি সে বন্ধু আপন,
বল কোথা মোর প্রাণগোবিন্দ।
প্রভুর সম্ভাষ শুনি, দৌবারিক সে আপনি,
কহে বুঝি ভাব-অনুবন্ধ ॥
চলহ ত্বরিতে দেখ, তোমার সে প্রাণসখ,
এত শুনি ধরে তার হাত।
রাধিকা-ভাবিত মতি, নিজে গোপী-প্রাণপতি,
আপনে বোলয়ে প্রাণনাথ ॥
আরে মোর সোণার গৌরাঙ্গ প্রভু।
হৃদয়ে উদয় হৈয়া, মাতায় আমার হিয়া,
ভুলিতে নারিব আর কভু ॥৭॥
নীলাচল নিকটেতে, দেখি চটক পর্ব্বতে,
ভাবে মত্ত গৌর রসরাজ।

যাব সে আমি গোকুলে, গৌর গুণমণি বলে,
দেখি গোবৰ্দ্ধন গিরিরাজ ॥
উন্মাদ বাতুল হেন, পথাপথ নাহি জ্ঞান,
হেনকালে নিজগণে ধরে।
হেন গৌর রসরাজ, উদয় হৃদয় মাঝ,
বিহ্বল করয়ে সদা মোরে ॥
আরে মোর সোণার গৌরাঙ্গ প্রভু।
হৃদয়ে উদয় হৈয়া, মাতায় আমার হিয়া,
ভুলিতে নারিব আর কভু ॥ ৮ ॥
দোল মহোৎসব কালে, বসি দোল-মঞ্চতলে,
স্বরূপাদি নিজগণ সনে।
আপনে গৌরাঙ্গ রায়, নিজনাম গান গায়,
পরিপূর্ণ মাধুর্য্য-তরঙ্গে।
সে অঙ্গ যে নিরখিল, প্রেমামৃতে সে মজিল,
আর কি ভুলিতে পারে কভু।
হৃদয়ে উদয় ক'রে, সতত মাতায় মোরে,
প্রেম-সিন্ধু স্বর্ণ-গৌর প্রভু॥ ৯ ॥
গোবিন্দ নামক ভক্ত, তারে দয়া অনুরক্ত,
যেমন গরুড়ে লক্ষ্মীপতি।
পুরীদেবে করে ভক্তি, যেন তাঁর অনুরক্তি,
যদুবর সান্দীপনি প্রতি ॥

স্বরূপে করেন স্নেহ, যেমন একই দেহ,
গিরিধারী যেমন সুবলে।
সে প্রভু ভাবিয়া মনে, মন না ধৈরয মানে,
সদা ভাসে প্রেমামৃত-জলে॥
আরে মোর সোণার গৌরাঙ্গ প্রভু।
হৃদয়ে উদয় হৈয়া, মাতায় আমার হিয়া,
ভুলিতে নারিব আর কভু॥ ১০॥
আমি অতি অভাজন, বেষ্টিত সম্পদ বন,
ত্রিতাপ সে বনে দাবানল।
স্বরূপের আশ্রয়ে দিয়ে, করুণাতে উদ্ধারিয়ে,
প্রকাশিলা আনন্দ প্রবল॥
বক্ষে ধৃত গুঞ্জাহার, গোবর্দ্ধন শিলা আর,
সঁপিলেন দয়া করি মোরে।
এ হেন দয়ার নিধি, হৃদয়ে উদয় যদি,
সে আনন্দে ধৈর্য্য কেবা ধরে॥
আরে মোর সোণার গৌরাঙ্গ প্রভু।
হৃদয়ে উদয় হৈয়া, মাতায় আমার হিয়া,
ভুলিতে নারিব আর কভু॥ ১১॥
স্তবকল্পবৃক্ষ হয় ইহার আখ্যান।
ইহা যেই পাঠজলে সিঞ্চে ভাগ্যবান্॥

ত্রিসন্ধ্যায় করে যেই পাঠ অবিরত।
শ্রীগৌরাঙ্গের প্রেমে সেই হয় উনমত ॥
পঠনে শ্রবণে হয় বিঘ্ন বিনাশন।
অচিরাতে পায় সেই চৈতন্য চরণ ॥
দাসগোস্বামি-পদ হৃদে করি আশ।
কল্পবৃক্ষ ভাষে নবদ্বীপচন্দ্র দাস ॥

ইতি শ্রীনবদ্বীপচন্দ্রদাস-বিরচিত শ্রীশ্রীগৌরাঙ্গ-স্তবকল্পতরুর অনুবাদ সমাপ্ত।

শ্রীশ্রীনবদ্বীপচন্দ্রাষ্টকম্।

কনকরুচিরগৌরঃ সর্ব্বচিত্তৈকচৌরঃ
প্রকৃতিমধুরদেহঃ পূর্ণলাবণ্যগেহঃ।
কলিতললিতরূপঃ ক্ষুব্ধকন্দর্পভূপঃ
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপচন্দ্রঃ ॥ ১ ॥
বহুলচিকুরবন্ধঃ স্নিগ্ধমুগ্ধপ্রবন্ধঃ
প্রসরপুরপুরন্ধ্রী-চিত্তসন্ধানমন্ত্রী।
বিহিতবিবিধবেশ-দ্যোতিতাশেষদেশঃ
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপচন্দ্রঃ ॥ ২ ॥
বিকশিতশতপত্র-দ্যোতিবিস্ফারনেত্রঃ
প্রিয়মৃদুলপবিত্র-স্নিগ্ধদৃক্প্রেমপাত্রঃ।
অতিমধুরচরিত্রঃ প্রোল্লসচ্চারুগাত্রঃ
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপচন্দ্রঃ ॥ ৩ ॥

মলয়জকরবীর শ্চিদ্বিলাসাতিধীরঃ
সুবিমলসিতবস্ত্রঃ প্রান্তবস্ত্রানুরক্তঃ।
রভসময়বিহারঃ পূর্ণলীলাবতারঃ
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপচন্দ্রঃ ॥ ৪ ॥
সকলরসবিদগ্ধঃ সর্ব্বভাবপ্রশুদ্ধঃ
সকলসুখবিনোদঃ খ্যাতনৃত্যপ্রমোদঃ।
সকলসুখদনামা ধন্যতারুণ্যধামা
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপচন্দ্রঃ ॥ ৫ ॥
অবিরতগলদস্রঃ প্রেমধারাসহস্রঃ
স্নপিতসকলদেশঃ খ্যাতনামোপদেশঃ।
ভুবনবিদিতসর্ব্ব-প্রাণিনিস্তারগর্ব্বঃ
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপচন্দ্রঃ ॥ ৬ ॥
ঘনপুলককদম্বঃ স্থূলমুক্তাসমাম্ভঃ-
স্নপিততরহৃদোরঃ প্রেমহুঙ্কারঘোরঃ।
সদয়মধুরমূর্ত্তি বিশ্ববিখ্যাতকীর্ত্তিঃ
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপচন্দ্রঃ ॥ ৭ ॥
অখিলভুবনভর্ত্তা দুর্গতিত্রাণকর্ত্তা
কলিকলুষনিহন্তা দীনদুঃখৈকশান্তা।
নিরবধিনিজগাথা-কীর্ত্তনানন্দদাতা
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপচন্দ্রঃ ॥ ৮ ॥

স্বরমুণিগণবন্ধুঃ প্রেমভক্ত্যেকসিন্ধুঃ
প্রকটস্বরভিনন্দ-শ্রীলপাদারবিন্দঃ।
নটনমধুরমন্দঃ সুপ্রগাঢ়প্রবন্ধঃ
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপচন্দ্রঃ॥ ৯॥
সকলনিগমসারঃ প্রেমপূর্ণাবতারঃ
প্রচুরগুণগভীরঃ সর্ব্বসন্ধানধীরঃ।
অধমপতিতবন্ধুঃ পূর্ণকারুণ্যসিন্ধুঃ
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপচন্দ্রঃ॥ ১০॥
মধুরিমণি মনোজ্ঞ স্তাণ্ডবাত্যন্তবিজ্ঞ-
স্তরুণিমনি বিচিত্রঃ প্রেমনিস্তারপাত্রঃ।
মহিমনি নিজনাম-গ্রাহি সম্পূর্ণকামঃ
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ শ্রীনবদ্বীপচন্দ্রঃ॥ ১১॥
শ্রীগৌরাঙ্গনটেন্দ্রস্য স্তুতিমেতামভীষ্টদাম্।
যঃ পঠেৎ পরমপ্রীতঃ স প্রেমসুখভাগ্‌ভবেৎ॥ ১২॥

ইতি শ্রীরঘুনন্দনঠক্কুর-বিরচিতং শ্রীশ্রীনবদ্বীপচন্দ্রাষ্টকং সম্পূর্ণম্॥

শ্রীশ্রীনিত্যানন্দাষ্টকং। (১)

শ্রীশ্রীনিত্যানন্দচন্দ্রায় নমঃ।

শরচ্চন্দ্র-ভ্রান্তিং স্ফুরদমল-কান্তিং গজগতিং
হরি-প্রেমোন্মত্তং ধৃত-পরমসত্ত্বং স্মিতমুখং।

সদাঘূর্ণন্নেত্রং করকলিত-বেত্রং কলিভিদং
ভজে নিত্যানন্দং ভজন-তরুকন্দং নিরবধি ॥ ১ ॥
রসানামাগারং স্বজনগণ-সর্ব্বস্বমতুলং
তদীয়ৈকপ্রাণপ্রতিম-বসুধা-জাহ্নবা-পতিং।
সদা প্রেমোন্মাদং পরম-বিদিতং মন্দ-মনসাং
ভজে নিত্যানন্দং ভজন-তরুকন্দং নিরবধি ॥ ২ ॥
শচীসূনু-প্রেষ্ঠং নিখিলজগদিষ্টং সুখময়ং
কলৌ মজ্জজ্জীবোদ্ধরণ-করণোদ্দাম-করুণং।
হরেরাখ্যানাদ্বা ভব-জলধি-গর্ব্বোন্নতি-হরং
ভজে নিত্যানন্দং ভজন-তরুকন্দং নিরবধি ॥ ৩ ॥
অয়ে ভ্রাতর্নৃণাং কলি-কলুষিণাং কিন্নু ভবিতা
তথা প্রায়শ্চিত্তং রচয় যদনায়াসত ইমে।
ব্রজন্তি ত্বামিত্থং সহ ভগবতা মন্ত্রয়তি যো
ভজে নিত্যানন্দং ভজন-তরুকন্দং নিরবধি ॥ ৪ ॥
যথেষ্টং রে ভ্রাতঃ! কুরু হরিহরি-ধ্বানমনিশং
ততো বঃ সংসারাম্বুধি-তরণ-দায়ো ময়ি লগেৎ।
ইদং বাহু-স্ফোটৈরটতি রটয়ন্ যঃ প্রতিগৃহং
ভজে নিত্যানন্দং ভজন-তরুকন্দং নিরবধি ॥ ৫ ॥
বলাৎ সংসারাম্ভোনিধি-হরণ কুম্ভোদ্ভবমহো
সতাং শ্রেয়ঃসিন্ধূন্নতি-কুমুদবন্ধুংসমুদিতং।

খলশ্রেণী-স্ফূর্জ্জত্তিমিরহর-সূর্য্যপ্রভমহং।
ভজে নিত্যানন্দং ভজন-তরুকন্দং নিরবধি ॥ ৬ ॥
নটন্তং গায়ন্তং হরিমনুবদন্তং পথি পথি
ব্রজন্তং পশ্যন্তং স্বমপি নদয়ন্তং জনগণম্।
প্রকুর্ব্বন্তং সন্তং সকরুণ-দৃগন্ত-প্রকলনাদ্
ভজে নিত্যানন্দং ভজন-তরুকন্দং নিরবধি ॥ ৭ ॥
সুবিভ্রাণং ভ্রাতুঃ কর-সরসিজং কোমলতরং
মিথো বক্ত্রালোকোচ্ছলিত-পরমানন্দ-হৃদয়ম্।
ভ্রমন্তং মাধুর্য্যৈরহহ মদয়ন্তং পুরজনান্
ভজে নিত্যানন্দং ভজন-তরুকন্দং নিরবধি ॥ ৮ ॥
রসানামাধারং রসিকবর-সদ্বৈষ্ণব-ধনং
রসাগারং সারং পতিত-ততিতারং স্মরণতঃ।
পরং নিত্যানন্দাষ্টকমিদমপূর্ব্বং পঠতি য-
স্তদঙ্ঘ্রি-দ্বন্দ্বাব্জং স্ফুরতু নিতরাং তস্য হৃদয়ে ॥৯॥

ইতি শ্রীমদ্বৃন্দাবনদাস-ঠক্কুর-বিরচিতং
শ্রীশ্রীনিত্যানন্দাষ্টকং সম্পূর্ণম্।

শ্রীশ্রীনিত্যানন্দাষ্টকম্। (২)

প্রেমে ঘূর্ণিত, নয়ন পূর্ণিত, চঞ্চল মৃদুগতি-নিন্দিতং
বদন-মণ্ডল, চাঁদ নিরমল, বচন অমৃত খণ্ডিতং।
অসীম গুণগণে, তারিলে জগজনে, মোহে কাহে করু বঞ্চিতং
জয়তি জয়, বসু জাহ্নবা-প্রিয়, দেহি মে স্বপদান্তিকং ॥ ১ ॥

মিহির-মণ্ডল, শ্রবণে কুণ্ডল, গণ্ডমণ্ডলে দোলিতং
কিয়ে নিরুপম, মালতীর দাম, অঙ্গে অনুপম শোভিতং।
মধুর মধুমদে, মত্ত মধুকর, চারুচৌদিকে চুম্বিতং
জয়তি জয়, বসু জাহ্নবা-প্রিয়, দেহি মে স্বপদান্তিকং ॥ ২ ॥
আজানুলম্বিত, বাহু সুবলিত, মত্ত করিবর-নিন্দিতং
ভায়্যা ভায়্যা বলি, গভীর ডাকই, করু দশদিক ভেদিতং।
অমর কিন্নর, নাগ নরলোক, সর্ব্বচিত্ত সুদর্শিতং
জয়তি জয়, বসুজাহ্নবাপ্রিয়, দেহি মে স্বপদান্তিকং ॥ ৩ ॥
ক্ষণে হুহুঙ্কৃত, লম্ফ ঝম্প কৃত, মেঘ-নিন্দিত-গর্জ্জিতং
সিংহ ডমরু-ক্ষীণ কটিতট, নীল পট্টবাস-শোভিতং।
সো পহুঁ ধুনীতীরে, সঘনে ধাবই, চরণ-ভরে মহীকম্পিতং
জয়তি জয়, বসু জাহ্নবাপ্রিয়, দেহি মে স্বপদান্তিকং ॥ ৪ ॥
অবনীমণ্ডল, প্রেমে বাদল, করল অবধৌত ধাবিতং
তাপী দীন হীন, তার্কিক দুর্জ্জন, কেহ না ভেল বঞ্চিতং।
শ্রীপদপল্লব-মধুরমাধুরী, ভকত-ভ্রমর-সুখপীতং
জয়তি জয়, বসুজাহ্নবা-প্রিয়, দেহি মে স্বপদান্তিকং ॥ ৫ ॥
ও মণিমঞ্জীর, চারু তরলিত, মধুর মধুর সুনাদিতং
অতুল রাতুল, যুগল পদতল, অমল-কমল-সুরাজিতং।
তেজিয়া অমর-অবনী হিমকর, নিতাই-পদনখ-শোভিতং
জয়তি জয়, বসুজাহ্নবা-প্রিয়, দেহি মে স্বপদান্তিকং ॥ ৬ ॥

যাহার ভয়ে, কলি-ভুজগ ভাগল ভেল সভে হর্ষিতং
তপন-কিরণে জনু, তিমির নাশই, তৈছে করল সুরাজিতং
দুরিত-ভয়ে ক্ষিতি, অবহি আতুর, ভার তার করু নাশিতং
জয়তি জয়, বসু-জাহ্নবা-প্রিয়, দেহি মে স্বপদান্তিকং ॥ ৭ ॥
ঈষত হসইতে, ঝলকে দামিনী, কামিনীগণ-মন-মোহিতং
সোপঁহু ধুনীতীরে, না জানি কার ভাবে, অবনী উপরে গিরিতং।
বচন বলইতে, অধর কম্পই, বাহুতুলি ক্ষণে রোদিতং
জয়তি জয়, বসু-জাহ্নবা-প্রিয়, দেহি মে স্বপদান্তিকং ॥ ৮ ॥

ইতি শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামি বিরচিতং
শ্রীশ্রীনিত্যানন্দাষ্টকং সম্পূর্ণম্।

শ্রীশ্রীমন্নিত্যানন্দপ্রভোরষ্টোত্তরশতনাম-স্তোত্রম্॥

(ব্রহ্মাণ্ডপুরাণে।)

(শ্রীশেষ উবাচ।)

শৃণু দেবি! প্রবক্ষ্যামি নাম্নামষ্টোত্তরং শতম্।
নিত্যানন্দস্বরূপস্য মহাপাতকনাশনম্॥
গৌড়েন্দ্রো নর্ত্তনানন্দা সংকীর্ত্তনবিলাসকৃৎ।
গৌরাগ্রজো গৌরভক্তো গৌরারাধ্যো গুণাকরঃ॥
গৌরপ্রিয়ো গভীরাত্মা গৌরাজ্ঞাপ্রতিপালকঃ।
নিত্যানন্দো জগদ্ধেতুঃ কলধৌতকলেবরঃ॥

লৌহদণ্ডধরো দেবঃ পাষণ্ডপরিমর্দ্দনঃ।
অবধূতঃ শ্রীপাদশ্চ স্বর্ণমুক্তাবতংসকঃ॥
ন্যাসিরাজো নাগরেন্দ্রো নাগরীপ্রাণবল্লভঃ।
ন্যাসাচারবিহীনশ্চ রসাবেশবিঘূর্ণিতঃ॥
রসাশ্রয়ো রসময়ো রসভোক্তা রসপ্রদঃ।
রসোল্লাসমদোদ্ঘূর্ণো জাহ্নবাপ্রাণবল্লভঃ॥
বসুধানায়কো দেবো বিদগ্ধো গুণশেখরঃ।
অতিক্রান্তসর্ব্ববিধিনিষেধ শ্চরিতাদ্ভুতঃ॥
সর্ব্বসম্পৎস্বরূপশ্চ সর্ব্বশক্তিবিলাসকঃ।
নিত্যরূপঃ স্বরূপশ্চ চিদানন্দ-সুধাময়ঃ॥
উজ্জ্বলপ্রেমরসিক আনন্দময়বিগ্রহঃ।
পরমৈশ্বর্য্যদাতা চ অপারমহিমান্বিতঃ॥
অলক্ষিতগতি-স্বৈরী কোটিসূর্য্যসমপ্রভঃ।
নানালঙ্কারধারী চ শ্বেতপট্টবিভূষিতঃ॥
জগদ্বন্ধুর্জগৎকর্ত্তা জগদুদ্ধারকারকঃ।
প্রেমাধারঃ প্রেমময়ঃ প্রেমভক্তিবিশারদঃ॥
রামদাসাদিসর্ব্বস্বং গৌরীদাসপ্রিয়েশ্বরঃ।
মালিনীদুগ্ধভোক্তাচ ব্যাসপূজাপরায়ণঃ॥
অযাচক-প্রেমদাতা অদোষদর্শকঃ প্রভুঃ।
অনন্তগুণগম্ভীরো নির্ব্বৈরশ্চঞ্চলাকৃতিঃ॥

দস্যূদ্ধারী সদানন্দো বাক্‌পতির্ন্ন্যাসিমোদকঃ।
সর্ব্বাপরাধহরণঃ সর্ব্বদুঃখবিনাশনঃ॥
সর্ব্বশক্তিপ্রদাতা চ সদা পতিতপাবনঃ।
বৃন্দাবন-রসামোদী বৃন্দাবন-রসপ্রদঃ॥
সঙ্গীত-রসবেত্তা চ নানাতাণ্ডবপণ্ডিতঃ।
অমায়ী চানহঙ্কারী সদা নির্ম্মলচেতনঃ॥
বাঞ্ছাকল্পতরুঃ পূর্ণভক্তিশ্চিন্তামণিঃ প্রভুঃ।
দীনোদ্ধারী দীননাথঃ কৃপালুঃ ক্লেশনাশকঃ॥
দুর্গতত্রাণকর্ত্তা চ প্রেমভক্তিবিলাসকঃ।
অদ্বৈতহৃদয়ানন্দঃ কেশশেষাদ্যগোচরঃ॥
গঙ্গাবগাহনোল্লাসী কোটিগঙ্গানিষেবিতঃ।
মৃগেন্দ্রকোটিহুঙ্কারো মুগ্ধীকৃতজগৎত্রয়ঃ॥
সিংহগ্রীবঃ পদ্মনেত্রো রক্তাম্বুজপদদ্যুতিঃ।
নিজানন্দস্বভাবেন নীলবাসোধরঃ ক্বচিৎ॥
চূড়াগ্রবিলসদ্গুঞ্জঃ শিখিপিঞ্ছবিভূষণঃ।
স্বয়ংদেবো মহামত্তঃ শ্বেতবর্ণো হলায়ুধঃ॥
স্বাসাং মধ্যে বিরচিতানঙ্গেহানঙ্গমঞ্জরী।
পরোক্ষে প্রকৃতিশ্চৈব প্রত্যক্ষে পুরুষস্তথা॥
সর্ব্বাবতারকারী চ আদিদেবঃ সনাতনঃ।
ইতি নাম্নামষ্টশতং মন্ত্রঞ্চ গদিতং শৃণু॥

অন্তে চ বহ্নিজায়া স্যাদাদৌতারো নমস্তথা।
জাহ্নবেতি পদংমধ্যে বল্লভায় ততঃপরং॥
ইতি মন্ত্রং দ্বাদশার্ণং সর্ব্বভাবমনোহরম্।
যঃ পুমান্ সাধয়েদ্ দেবি! লভতে বাঞ্ছিতং ফলম্॥
ত্রয়োদশ্যাং তিথৌ যস্ত মকরস্থে দিবাকরে।
নানাবিধেন দ্রব্যেন দুগ্ধেন পূজয়েদ্ যদি॥
সর্ব্বসিদ্ধির্ভবেত্তস্য অন্তে চৈতন্যমাপ্নুয়াৎ।
সর্ব্বংসহাসি দেবি ত্বং ময়া ধৃতাসি মস্তকে॥
যামধাৎ কচ্ছপো দেবো মহাবলপরাক্রমঃ।
কলাকলাংশঃ কৃষ্ণস্য কূর্ম্মরূপী জনার্দ্দনঃ॥
স এব ভগবান্ কৃষ্ণোদ্বিতীয়দেহমাপ্নুয়াৎ।
মহাসংকর্ষণো নাম সর্ব্বশক্তি-সমৃদ্ধিমান্॥
আতপে শীতলংছত্রং নিদাঘে শীতলোঽনিলঃ।
শয়নে দিব্যপর্য্যঙ্কো রমণে প্রাণবল্লভা॥
গমনে পাদুকারূপী রহস্যে সখীরূপকঃ।
কৃষ্ণেঽপি সর্ব্বদাতাচ সর্ব্বকার্য্যে সহায়বান্॥
স এব কলিকালেঽস্মিন্ নিত্যানন্দো ভবিষ্যতি।
নিত্যা শ্রীরাধিকা-নাম আনন্দো রসবিগ্রহঃ।
উভয়োর্মিলনান্নাম নিত্যানন্দো বসুন্ধরে॥

ইতি শ্রীব্রহ্মাণ্ডপুরাণে ধরণীশেষসংবাদে
শ্রীশ্রীনিত্যানন্দপ্রভোরষ্টোত্তরশতনামস্তোত্রং সম্পূর্ণম্।

শ্রীশ্রীমদদ্বৈতাষ্টকম্।

গঙ্গাতীরে তৎপয়োভিস্তুলস্যাঃ
পত্রৈঃ পুষ্পৈঃ প্রেমহুঙ্কারঘোষৈঃ।
প্রাকট্যার্থং গৌরমারাধয়দ্ যঃ
শ্রীলাদ্বৈতাচার্য্যমেতং প্রপদ্যে ॥ ১ ॥
যদ্ধুঙ্কারৈঃ প্রেমসিন্ধোর্বিকারৈ-
রাকৃষ্টঃসন্ গৌরগোলোকনাথঃ
আবির্ভূতঃ শ্রীনবদ্বীপ-মধ্যে
শ্রীলাদ্বৈতাচার্য্যমেতং প্রপদ্যে ॥ ২ ॥
ব্রহ্মাদীনাং দুর্ল্লভপ্রেমপূরৈ-
রাদীনং যঃ প্লাবয়ামাস লোকম্।
আবির্ভাব্য শ্রীলচৈতন্যচন্দ্রং
শ্রীলাদ্বৈতাচার্য্যমেতং প্রপদ্যে ॥ ৩ ॥
শ্রীচৈতন্যঃ সর্ব্বশক্তিপ্রপূর্ণো
যস্যৈবাজ্ঞামাত্রতোঽন্তর্দধেঽপি।
দুর্ব্বিজ্ঞেয়ং যস্য কারুণ্য-কৃত্যং
শ্রীলাদ্বৈতাচার্য্যমেতং প্রপদ্যে ॥ ৪ ॥
সৃষ্টিস্থিত্যন্তং বিধাতুং প্রবৃত্তাঃ
যস্যাংশাংশা ব্রহ্মবিষ্ণ্বীশ্বরাখ্যাঃ।

যেনাভিন্না স্তং মহাবিষ্ণুরূপং
শ্রীলাদ্বৈতাচার্য্যমেতং প্রপদ্যে ॥ ৫ ॥
কস্মিংশ্চিদ্ যঃ শ্রূয়তে চাশ্রয়ত্বা-
চ্ছম্ভোরিত্থং শাম্ভবং নাম ধাম।
সর্ব্বারাধ্যং ভক্তিমাত্রৈকসাধ্যং
শ্রীলাদ্বৈতাচার্য্যমেতং প্রপদ্যে ॥ ৬ ॥
সীতানাম্নী প্রেয়সী প্রেমপূর্ণা
পুত্রোযস্যাপ্যচ্যুতানন্দনামা।
শ্রীচৈতন্য-প্রেমপূরপ্রপূর্ণঃ
শ্রীলাদ্বৈতাচার্য্যমেতং প্রপদ্যে ॥ ৭ ॥
নিত্যানন্দাদ্বৈততোঽদ্বৈতনামা
ভক্ত্যাখ্যানাদ্ যঃ সদাচার্য্যনামা।
শশ্বচ্চেতঃসঞ্চরদ্গৌরধামা
শ্রীলাদ্বৈতাচার্য্যমেতং প্রপদ্যে ॥ ৮ ॥
প্রাতঃ প্রীতঃ প্রত্যহং সংপঠেদ্ যঃ
সীতানাথস্যাষ্টকং শুদ্ধবুদ্ধিঃ।
সোঽয়ং সম্যক্ তস্য পাদারবিন্দে
বিন্দন্ ভক্তিং তৎপ্রিয়ত্বং প্রযাতি ॥ ৯ ॥

ইতি শ্রীসার্ব্বভৌমভট্টাচার্য্যবিরচিতং শ্রীশ্রীমদদ্বৈতাষ্টকং সম্পূর্ণম্ ॥

শ্রীশ্রীগদাধরপণ্ডিতাষ্টকম্।

সভক্তিযোগ-লাসিনং সদা ব্রজে বিহারিণং
হরি-প্রিয়া-গণাগ্রগং শচীসুত-প্রিয়েশ্বরং।
সরাধ-কৃষ্ণ-সেবন-প্রকাশকং মহাশয়ং
ভজাম্যহং গদাধরং সুপণ্ডিতং গুরুং প্রভুং ॥ ১ ॥
নবোজ্জ্বলাদি-ভাবনা-বিধান-কর্ম্ম-পারগং
বিচিত্রগৌরভক্তিসিন্ধু-রঙ্গভঙ্গ-লাসিনং।
সুরাগ-মার্গ-দর্শকং ব্রজাদি-বাস-দায়কং
ভজাম্যহং গদাধরং সুপণ্ডিতংগুরুং প্রভুং ॥ ২ ॥
শচীসুতাঙ্ঘ্রি-সার-ভক্তবৃন্দ-বন্দ্য-গৌরবং
গৌরভাব-চিত্তপদ্ম-মধ্য-কৃষ্ণ-সুবল্লভং।
মুকুন্দ-গৌররূপিণং স্বভাব-ধর্ম্ম-দায়কং
ভজাম্যহং গদাধরং সুপণ্ডিতং গুরুং প্রভুং ॥ ৩ ॥
নিকুঞ্জ-সেবনাদিক-প্রকাশনৈক-কারণং
সদা সখীরতি-প্রদং মহারস-স্বরূপকং।
সদাশ্রিতাঙ্ঘ্রি-পুণ্ডরীকদং সদাগুরুং বরং
ভজাম্যহং গদাধরং সুপণ্ডিতং গুরুং প্রভুং ॥ ৪ ॥
মহাপ্রভোর্ম্মহারস-প্রকাশনাঙ্কুরং প্রিয়ং
সদা মহারসাঙ্কুর-প্রকাশনাদি-বাসনং।

মহাপ্রভোর্ব্রজাঙ্গনাদি-ভাব-মোদ-কারকং
ভজাম্যহং গদাধরং সুপণ্ডিতং গুরুং প্রভুং ॥ ৫ ॥
দ্বিজেন্দ্র-বৃন্দ-বন্দ্য-পাদযুগ্ম-ভক্তিবর্দ্ধকং
নিজেষু রাধিকাত্মতা-বপুঃ-প্রকাশনাগ্রহং।
অশেষ-ভক্তিশাস্ত্র-শিক্ষয়োজ্জ্বলামৃতপ্রদং
ভজাম্যহং গদাধরং সুপণ্ডিতং গুরুং প্রভুং ॥ ৬ ॥
মুদা নিজপ্রিয়াদিক-স্বপাদপদ্ম-সীধুভি-
র্মহারসার্ণবামৃত-প্রদেষ্ট-গৌর-ভক্তিদং।
সদাষ্ট-সাত্ত্বিকান্বিতং নিজেষ্ট-ভক্তিদায়কং
ভজাম্যহং গদাধরং সুপণ্ডিতং গুরুং প্রভুং ॥ ৭ ॥
মদীয়-রীতিরাগ-রঙ্গভঙ্গ-দিগ্ধ-মানসো
নরোঽপি যাতি তূর্ণমেব নার্য্যভাব-ভাজনং।
তমুজ্জ্বলাক্ত-চিত্তমেতু চিত্ত-মত্তষট্পদো
ভজাম্যহং গদাধরং সুপণ্ডিতং গুরুং প্রভুং ॥ ৮ ॥
মহারসামৃতপ্রদং সদা গদাধরাষ্টকং
পঠেত্তু যঃ সুভক্তিতো ব্রজাঙ্গনাগণোৎসবং।
শচীতনূজ-পাদপদ্ম-ভক্তিরত্ন-যোগ্যতাং
লভেত রাধিকা-গদাধরাঙ্ঘ্রি-পদ্ম-সেবয়া ॥ ৯ ॥

ইতি শ্রীলস্বরূপগোস্বামি-বিরচিতং
শ্রীশ্রীগদাধরপণ্ডিতাষ্টকং সমাপ্তম্।

শ্রীশ্রীবাসাষ্টকম্।

আশ্রয়ামি শ্রীশ্রীবাসং তমাদ্যং পণ্ডিতং মুদা।
শুক্লাম্বরধরং গৌরং গৌরভক্তি-প্রদায়কং ॥ ১ ॥
শ্রীগৌরস্য নবদ্বীপ-লীলা-সঙ্কীর্ত্তন-সম্পদি।
যঃ প্রধানতয়া খ্যাতঃ স শ্রীবাসো গতির্ম্মম ॥ ২ ॥
শ্রীগৌর-কীর্ত্তনানন্দে পুত্রশোকোঽপি নাস্পৃশৎ।
যং শ্রীবাসং ভক্তরাজং তং নমামি পুনঃ পুনঃ ॥ ৩ ॥
আদৌ বাসস্তু শ্রীহট্টে ভাগীরথ্যাস্তটে ততঃ।
কুমারহট্টে যস্যাসীৎ স মে গৌরগতির্গতিঃ ॥ ৪ ॥
শ্রীরামঃ শ্রীপতিশ্চৈব শ্রীনিধিশ্চেতি সত্তমাঃ।
শ্রীবাসভ্রাতরো জ্ঞেয়াঃ শ্রীবাসং নৌমি তদ্বরং ॥ ৫ ॥
পুরা নারদ-রূপেণ হরিনামসুধা-ঝরৈঃ।
যো জগৎ প্লাবয়ামাস স শ্রীবাসোঽধুনা গতিঃ ॥ ৬ ॥
যৎপত্নী মালিনীদেবী শ্রীগৌরাঙ্গমতোষয়ৎ।
স্বহস্তপক্ক-ভক্ত্যাদ্যৈঃ স শ্রীবাসো গতির্ম্মম ॥ ৭ ॥
পতিবদ্গৌরাঙ্গগতির্মালিনী গৌড়বিশ্রুতা।
তৎপাদপদ্ম-সবিধে প্রণতির্ম্মে সহস্রশঃ ॥ ৮ ॥
শ্রীচৈতন্য-প্রিয়তমং বন্দে শ্রীবাসপণ্ডিতং।
যৎ কারুণ্য-কটাক্ষেণ শ্রীগৌরাঙ্গে রতির্ভবেৎ ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীবাসাষ্টকং সম্পূর্ণম্।

শ্রীশ্রীষড়্‌গোস্বাম্যষ্টকম্‌।

কৃষ্ণোৎকীর্ত্তন-গান-নর্ত্তনপরৌ প্রেমামৃতাম্ভোনিধী
ধীরৌ ধীরজনপ্রিয়ৌ প্রিয়করৌ নির্ম্মৎসরৌ পূজিতৌ।
শ্রীচৈতন্য-কৃপাভরৌ ভুবি ভুবো ভারাবহন্তারকৌ
বন্দে রূপসনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥ ১ ॥
নানাশাস্ত্র-বিচারণৈকনিপুণৌ সদ্ধর্ম্মসংস্থাপকৌ
লোকানাং হিতকারিণৌ ত্রিভুবনে মান্যৌ শরণ্যাকরৌ।
রাধাকৃষ্ণ-পদারবিন্দ-ভজনানন্দেন মত্তালিকৌ
বন্দে রূপসনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥ ২ ॥
শ্রীগৌরাঙ্গ-গুণানুবর্ণনবিধৌ শ্রদ্ধা-সমৃদ্ধ্যন্বিতৌ
পাপোত্তাপনিকৃন্তনৌ তনুভৃতাং গোবিন্দগানামৃতৈঃ।
আনন্দাম্বুধি-বর্দ্ধনৈকনিপুণৌ কৈবল্য-নিস্তারকৌ
বন্দে রূপসনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥ ৩ ॥
ত্যক্ত্বা তূর্ণমশেষমণ্ডলপতি-শ্রেণীং সদা তুচ্ছবৎ
ভূত্বা দীনগণেশকৌ করুণয়া কৌপীন-কন্থাশ্রিতৌ।
গোপীভাব-রসামৃতাব্ধি-লহরী-কল্লোলমগ্নৌ মুহু-
র্বন্দে রূপসনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥ ৪ ॥
কূজৎকোকিল-হংসসারসগণাকীর্ণে ময়ূরাকুলে
নানারত্ন-নিবদ্ধমূলবিটপ-শ্রীযুক্তবৃন্দাবনে।

রাধাকৃষ্ণমহর্নিশং প্রভজতৌ জীবার্থদৌ যৌ মুদা
বন্দে রূপসনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥ ৫ ॥

সংখ্যাপূর্ব্বক-নাম-গান-নতিভিঃ কালাবসানীকৃতৌ
নিদ্রাহারবিহারকাদিবিজিতৌ চাত্যন্তদীনৌ চ যৌ।
রাধাকৃষ্ণ-গুণস্মৃতের্মধুরিমানন্দেন সম্মোহিতৌ
বন্দে রূপসনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥ ৬ ॥

রাধাকুণ্ডতটে কলিন্দতনয়াতীরে চ বংশীবটে
প্রেমোন্মাদ-বশাদশেষদশয়া গ্রস্তৌ প্রমত্তৌ সদা।
গায়ন্তৌ চ কদা হরেগুর্ণবরং ভাবাভিভূতৌ মুদা
বন্দে রূপসনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥ ৭ ॥

হে রাধে ব্রজদেবিকে চ ললিতে হে নন্দসূনো কুতঃ
শ্রীগোবর্দ্ধন-কল্পপাদপতলে কালিন্দিবন্যে কুতঃ।
ঘোষন্তাবিতি সর্ব্বতো ব্রজপুরে খেদৈর্মহাবিহ্বলৌ
বন্দে রূপসনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥ ৮ ॥

ইতি শ্রীল শ্রীনিবাসাচার্য্যপ্রভু-বিরচিতং
শ্রীশ্রীষড়্গোস্বামি-গুণলেশসূচকাষ্টকং সম্পূর্ণম্ ॥

শ্রীশ্রীনবদ্বীপাষ্টকম্।

শ্রীগৌড়দেশে সুরদীর্ঘিকায়াঃ
স্তীরেঽতিরম্যে পুরুপুণ্যময্যাঃ।
লসন্তমানন্দভরেণ নিত্যং
তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ১ ॥

যস্মৈ পরব্যোম বদন্তি কেচিৎ
কেচিচ্চ গোলোক ইতীরয়ন্তি।
বদন্তি বৃন্দাবনমেব তজ্জ্ঞা-
স্তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ২ ॥

যঃ সর্ব্বদিক্ষু স্ফুরিতৈঃ সুশীতৈ-
র্নানাদ্রুমৈঃ সূপবনৈঃ পরীতঃ।
শ্রীগৌরমধ্যাহ্ন-বিহারপাত্রৈ
স্তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ৩ ॥

শ্রীস্বর্ণদী যত্র বিহারভূমিঃ
সুবর্ণসোপাননিবদ্ধতীরা।
ব্যাপ্তোর্ম্মিভি র্গৌরবগাহরূপৈ-
স্তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ৪ ॥

মহান্ত্যনন্তানি গৃহানি যত্র
স্ফুরন্তি হৈমানি মনোহরাণি।

প্রত্যালয়ং যং শ্রূয়তে সদা শ্রী-
স্তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ৫ ॥
বিদ্যাদয়াক্ষান্তিমুখৈঃ সমস্তৈঃ
সদ্ভির্গুণৈর্যত্র জনাঃ প্রপন্নাঃ ।
সংস্তূয়মানা ঋষিদেবসিদ্ধৈ-
স্তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ৬ ॥
যস্যান্তরে মিশ্রপুরন্দরস্য
স্বানন্দসাম্যৈকপদং নিবাসঃ ।
শ্রীগৌরজন্মাদিকলীলয়াঢ্য-
স্তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ৭ ॥
গৌরো ভ্রমন্ যত্র হরিঃ স্বভক্তৈঃ
সংকীর্ত্তন-প্রেমভরেণ সর্ব্বম্ ।
নিমজ্জয়ত্যুল্লসদুন্মদাব্ধৌ
তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ৮ ॥
এতন্নবদ্বীপ-বিচিন্তনাঢ্যং
পদ্যাষ্টকং প্রীতমনাঃ পঠেদ্ যঃ ।
শ্রীমচ্ছচীনন্দনপাদপদ্মে
সুদুর্ল্লভং প্রেম সমাপ্নুয়াৎ সঃ ॥

ইতি শ্রীশ্রীনবদ্বীপাষ্টকং সম্পূর্ণম্ ॥

শ্রীশ্রীজগন্নাথাষ্টকম্।

কদাচিৎ কালিন্দীতট-বিপিন-সঙ্গীত-তরলো
মুদাভীরীনারী-বদন-কমলাস্বাদমধুপঃ।
রমা-শম্ভু-ব্রহ্মামরপতিগণেশার্চ্চিতপদো
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥ ১ ॥
ভুজে সব্যে বেণুং শিরসি শিখিপিচ্ছং কটিতটে
দুকূলং নেত্রান্তে সহচর-কটাক্ষং বিদধতে।
সদা শ্রীমদ্‌বৃন্দাবন-বসতি-লীলা-পরিচয়ো
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥ ২ ॥
মহাম্ভোধেস্তীরে কনক-রুচিরে নীলশিখরে
বসন্ প্রাসাদান্তঃ সহজ-বলভদ্রেন বলিনা।
সুভদ্রা-মধ্যস্থঃ সকলসুর-সেবাবসরদো
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥ ৩ ॥
কৃপাপারাবারঃ সজল-জলদ-শ্রেণি-রুচিরো
রমা-বাণী-রামঃ স্ফুরদমলপঙ্কেরুহ-মুখঃ।
সুরেন্দ্রৈরারাধ্যঃ শ্রুতিগণশিখা-গীতচরিতো
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥ ৪ ॥
রথারূঢ়ো গচ্ছন্ পথি মিলিত-ভূদেব-পটলৈঃ
স্তুতি-প্রাদুর্ভাবং প্রতিপদমুপাকর্ণ্য সদয়ঃ।

দয়াসিন্ধুর্বন্ধুঃ সকলজগতাং সিন্ধুসদয়ো
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥ ৫ ॥
পরংব্রহ্মাপীড়ঃ কুবলয়দলোৎফুল্লনয়নো
নিবাসী নীলাদ্রৌ নিহিতচরণোঽনন্ত-শিরসি।
রসানন্দী রাধা-সরসবপুরালিঙ্গনসুখো
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥ ৬ ॥
ন বৈ যাচে রাজ্যং ন চ কনক-মাণিক্যবিভবং
ন যাচেঽহং রম্যাং সকলজন-কাম্যাংবরবধূং।
সদা কালে কালে প্রমথপতিনা গীতচরিতো
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥ ৭ ॥
হর ত্বং সংসারং দ্রুততরমসারং স্মরপতে!
হর ত্বং পাপানাং বিততিমপরাং যাদবপতে!
অহো দীনেঽনাথে নিহিত-চরণো নিশ্চিতমিদং
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥ ৮ ॥
জগন্নাথাষ্টকং পুণ্যং যঃ পঠেৎ প্রযতঃ শুচিঃ।
সর্ব্বপাপবিশুদ্ধাত্মা বিষ্ণুলোকং স গচ্ছতি ॥

ইতি শ্রীগৌরচন্দ্রমুখপদ্ম-বিনির্গতং শ্রীশ্রীজগন্নাথাষ্টকং সম্পূর্ণম্।

শ্রীশ্রীদামোদরাষ্টকম্॥

শ্রীশ্রীদামোদরায় নমঃ।

নমামীশ্বরং সচ্চিদানন্দরূপং
লসৎকুণ্ডলং গোকুলেভ্রাজমানম্।
যশোদাভিয়োলূখলাদ্ধাবমানং
পরামৃষ্টমত্যন্ততোদ্রুত্য গোপ্যা॥ ১॥
রুদন্তং মুহুর্নেত্রযুগ্মং মৃজন্তং
করাম্ভোজযুগ্মেন সাতঙ্কনেত্রম্।
মুহুঃশ্বাসকম্পত্রিরেখাঙ্ককণ্ঠ-
স্থিতগ্রৈবদামোদরং ভক্তিবদ্ধম্॥ ২॥
ইতীদৃক্ স্বলীলাভিরানন্দকুণ্ডে
স্বঘোষং নিমজ্জন্তমাখ্যাপয়ন্তম্।
তদীয়েশিতজ্ঞেষু ভক্তৈর্জিতত্বং
পুনঃ প্রেমতস্তং শতাবৃত্তি বন্দে॥ ৩॥
বরং দেব! মোক্ষং ন মোক্ষারধিংবা
ন চান্যং বৃনেহং বরেশাদপীহ।
ইদন্তে বপুর্নাথ! গোপালবালং
সদা মে মনস্যাবিরাস্তাং কিমন্যৈঃ॥ ৪
ইদন্তে মুখাম্ভোজমব্যক্তনীলৈ-
র্বৃতং কুন্তলৈঃ স্নিগ্ধরক্তৈশ্চ গোপ্যা।

মুহুশ্চুম্বিতং বিম্ববক্ত্রাধরং মে
মনস্যাবিরাস্তামলং লক্ষলাভৈঃ ॥ ৫ ॥
নমো দেব দামোদরানন্ত বিষ্ণো !
প্রসীদ প্রভো ! দুঃখজালাব্ধিমগ্নম্ !
